গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

নং: ১০.০৭.০০০০.০০২.০০৫.০১.২০১৭-২৬৪

তারিখঃ ০৬ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার মাধ্যমে পরিচালিত সরকারি আইনগত সহায়তা সেবা প্রদানের ক্ষেত্রে প্রচলিত উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর ৫.১ নং ক্রমিকে বর্ণনামতে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এর কেন্দ্রীয় কার্যালয়ে এবং অধীনস্থ লিগ্যাল এইড অফিসসমূহে প্রচলিত উত্তম চর্চাসমূহ আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২১/১০/২০১৯
**মাসুদা ইয়াসমিন**
সহকারী পরিচালক (মনিটরিং)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
৪৯৩৪৯৮০২ (অ:)
admonitoring@nlaso.gov.bd

ফোকাল পার্সন
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ন ও
বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

**জ্ঞাতার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৫। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৬। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৭। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

**বিষয়ঃ জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার মাধ্যমে পরিচালিত সরকারি আইনগত সহায়তা সেবা প্রদানের ক্ষেত্রে প্রচলিত উত্তম চর্চার তালিকাঃ**

১) সারাদেশের যেকোন প্রান্ত থেকে যেকোন মানুষ আইনগত পরামর্শ, আইনগত তথ্য, সরকারি আইনগত সহায়তা সম্পর্কিত তথ্যসহ লিগ্যাল এইড অফিসের সেবা প্রদান সম্পর্কিত যেকোন অভিযোগ বিনামূল্যে জাতীয় হেল্পলাইন ১৬৪৩০ নম্বরে ফোন করে জানাতে পারেন;

২) সরকারি আইনগত সহায়তায় জাতীয় হেল্পলাইন কলসেন্টার- ১৬৪৩০ নম্বরে কোন অভিযোগ দেওয়া হলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার মনিটরিং শাখা তাৎক্ষনিক কর্তৃপক্ষকে অবগত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে;

৩) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার কেন্দ্রীয় কার্যালয় এবং এর অধীনস্থ ৬৭ টি শাখা অফিস পরস্পর ডিজিটাল ব্যবস্থাপনায় সংযুক্ত। কেন্দ্রীয় কার্যালয়ে অধীনস্থ অফিসসমূহের জন্য কোন পত্র জারী করা হলে তা সংশ্লিষ্ট অফিসসমূহে ই-মেইল মাধ্যমে জানানো হয় এবং অধীনস্থ অফিসসমূহ প্রয়োজনীয় বিষয়ে ই-মেইল মাধ্যমে কেন্দ্রীয় কার্যালয়ে যোগাযোগ করেন;

৪) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এর কেন্দ্রীয় কার্যালয় এবং অধীনস্থ ৬৭ টি শাখা অফিসে ই-রেসপন্স সিস্টেম চালু করেছে। কেন্দ্রীয় কার্যালয় কোন প্রশিক্ষণ বা অনুষ্ঠানের আয়োজন করলে সংশ্লিষ্ট সকল অংশগ্রহণকারীকে ই-রেসপন্স সিস্টেমের মাধ্যমে মোবাইলে প্রয়োজনীয় তথ্য এসএমএস করা হয়;

৫) ৬৭ টি লিগ্যাল এইড অফিসে বিচারপ্রার্থীর আবেদন অনুমোদন বা অননুমোদন হলে ই-অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে লিগ্যাল এইড অফিস থেকে আবেদনকারীর আবেদন অনুমোদন/অননুমোদন বিষয়ে মোবাইলে এসএমএস এর মাধ্যমে তথ্য পাঠানো হয়;

৬) বিচারপ্রার্থীর আবেদন অনুমোদিত হবার পর লিগ্যাল এইড অফিস থেকে প্যানেল আইনজীবী নিয়োগ করা হলে প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত তথ্য আবেদনকারী এবং প্যানেল আইনজীবী উভয়ের মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হয়;

৭) লিগ্যাল এইড অফিসে বিচারপ্রার্থীর আবেদনের প্রেক্ষিতে মেডিয়েশনের জন্য আবেদন গৃহীত হলে অপর পক্ষকে ডাকযোগে নোটিশের পাশাপাশি ই-অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে উভয় পক্ষ মিমাংসা সভার তারিখসহ সংশ্লিষ্ট প্রতিটি বিষয়ে মোবাইল এসএমএস এর মাধ্যমে তথ্য প্রাপ্ত হন;

৮) প্যানেল আইনজীবী তার নিজস্ব মোবাইলে বিডি লিগ্যাল এইড এ্যাপসের মাধ্যমে লিগ্যাল এইড মামলার তথ্য অর্থাৎ সংশ্লিষ্ট মামলার পরবর্তী তারিখ ও আদালতের কার্যক্রম আপডেট করার সুযোগ পান এবং এই তথ্য তাৎক্ষণিকভাবে বিচারপ্রার্থী আবেদনকারীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে চলে যায়;

৯) সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষনের জন্য লিগ্যাল এইড অফিসের বাহিরে অভিযোগ/পরামর্শ বক্স স্থাপন করা হয়েছে;

১০) আগত সেবা গ্রহীতাদের জন্য লিগ্যাল এইড অফিসে সুপেয় পানির ব্যবস্থাকরণ;

১১) মাতৃদুগ্ধ কর্ণার স্থাপন; (যেসব জেলায় পর্যাপ্ত জায়গা রয়েছে)

১২) লিগ্যাল এইড সেবা প্রাপ্তির জন্য অসহায় বিচার প্রার্থী ইউনিয়ন বা পৌরসভা হতে প্রয়োজনীয় প্রত্যয়ন পত্র আনতে ব্যর্থ হলে লিগ্যাল অফিস থেকে ইউনিয়ন বা পৌরসভার চেয়ারম্যান/মেয়র/সচিবের সাথে যোগযোগ করা হয়;

১৩) জেলা লিগ্যাল এইড অফিস, মাগুরায় আগত বিচারপ্রার্থী জনগণের মধ্যে যারা অসচ্ছল এবং আইনগত সহায়তা পাবে এমন ব্যক্তিদের প্রথমদিনের জন্য যাতায়ত ভাড়া মাথাপিছু ১৪০/- টাকা (পৌরসভার বাইরে) দেওয়া হয়, পৌরসভার ভিতরে বসবাসরত ব্যক্তিদের মাথাপিছু ১০০/- টাকা দেওয়া হয়। স্থানীয় অনুদান গ্রহণের মাধ্যমে মাগুরা লিগ্যাল এইড অফিসে এই সেবা প্রদান করা হয়;

১৪) সুনামগঞ্জে কোন প্রার্থী নকলের জন্য দরখাস্ত প্রদান করলে (কতিপয় ব্যতিক্রম ছাড়া) ঐ দিনই নকল সরবরাহ করা হয়। সুনামগঞ্জ একটি হাওর প্রধান ও চরম দারিদ্র্য পীড়িত জেলা। এখানকার প্রার্থীদের বিশেষত মহিলা প্রার্থীদের বাড়ি হতে অফিস পর্যন্ত আসার ভাড়া পর্যন্ত থাকে না। নকল প্রাপ্তিতে অসহায় বিচার প্রার্থীদের দুর্দশা অনেকাংশে হ্রাস করার উদ্দেশ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে।